

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭৯৫  
সোনামুড়া, ১৫ জুলাই, ২০২৪

মেলাঘর রথযাত্রা

নয় দিনব্যাপী সাংস্কৃতিক উৎসব সমাপ্ত

মেলাঘর রথযাত্রা উপলক্ষে নয় দিনব্যাপী সাংস্কৃতিক উৎসব গতকাল সমাপ্ত হয়েছে। গত ৬ জুলাই এই সাংস্কৃতিক উৎসবের উদ্বোধন হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তর ও মেলাঘর পুর পরিষদের যৌথ উদ্যোগে মেলাঘর জগন্নাথ বাড়ি মাঠে রবীন্দ্র মুক্ত মঞ্চ প্রতিদিন সন্ধ্যায় অনুষ্ঠিত হয়েছে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। ৬ জুলাই মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এই সাংস্কৃতিক উৎসবের উদ্বোধন করেছিলেন। স্থানীয় এবং রাজ্যের বিভিন্ন প্রান্তের শিল্পীগণ এই উৎসবে অংশগ্রহণ করেন। ৬-১৪ জুলাই অনুষ্ঠিত এই সাংস্কৃতিক উৎসবে প্রায় ৪৭০ জন শিল্পী বিভিন্ন বিভাগে অংশ নেন। এর মধ্যে একক নৃত্যে ২৯ জন, একক সংগীতে ১৪ জন শিল্পী অংশগ্রহণ করেন। ১৮ সংস্থা সমবেত সংগীত, ২৪টি সংস্থা সমবেত নৃত্য পরিবেশন করে। এছাড়া তিনদিন বিভিন্ন পর্যায়ে স্থানীয় বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা যোগা প্রদর্শনীতে অংশগ্রহণ করে।

\*\*\*\*\*